দৈনিক বাংলা

তারিখ ...29 JAN 1996...
পৃষ্ঠা ৪ কলাম ...2...

13

সেনাকল্যাণ সংস্থার বৃত্তি দেয়ার জন্য আবেদনপত্র আহ্বান

সেনাকল্যাণ সংস্থা স্কুল ও মাদ্রাসায় অধ্যয়নরত প্রাক্তন সৈনিকদের পত্নী ও সন্তানদের নিকট থেকে ১৯৯৬ সনে বৃত্তি প্রদানের জন্য আবেদনপত্র আহ্বান করেছে। সকল জেলা সশস্ত্র বাহিনী বোর্ড ও সংস্থার প্রধান কার্যালয় থেকে পেনশন বা অবসর প্রাপ্তির প্রমাণপত্র দেখিয়ে নির্ধারিত আবেদনপত্রের ফরম সংগ্রহ করা যাবে।

৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণীতে অধ্যয়নরত বৃত্তিধারীগণ চলতি বছরের ২০ মার্চ তারিখের মধ্যে পরবর্তী শ্রেণীতে উত্তীর্ণ-পত্র বা নম্বরপত্র স্ব স্ব শিক্ষায়তনের মাধ্যমে সেনাকল্যাণ সংস্থার প্রধান কার্যালয়ে জমা দিলে তাদের বৃত্তি পরবর্তী বছরের জন্য নবায়ন করা যেতে পারে। উত্তীর্ণপত্র বা নম্বরপত্রে বৃত্তি নম্বরসহ পিতার সামরিক বাহিনীতে চাকরির বিবরণ অবশ্যই উল্লেখ থাকতে হবে।

সকল জেলা সশস্ত্র বাহিনী বোর্ডে ২০ মার্চের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে এবং ৩১ মার্চের মধ্যে সেনাকল্যাণ সংস্থার প্রধান কার্যালয়ে সম্পূর্ণ অবস্থায় আবেদনপত্র জমা দিতে হবে।